

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ছাত্রকল্যাণ পরিদপ্তর

নং ছাক/এ্যাম্বুলেন্স নীতিমালা/ ডি. আর- ৩৩৬ (২০১৩)

তারিখ: ২৭ এপ্রিল ২০১৩

২৬-৪-১৬


বিজ্ঞপ্তি

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে একটি নীতিমালা আছে। উহা নিম্নে উল্লেখ করা হলো-

- ১। এ্যাম্বুলেন্স প্রধান চিকিৎসকের তত্ত্বাবধানে থাকবে এবং কেবলমাত্র কর্তব্যরত ডাক্তারদের অনুমতিতে ব্যবহার করা যাবে।
- ২। ডিউটিরত ডাক্তারের অনুমতি সাপেক্ষে শুধুমাত্র স্বাস্থ্যগত জরুরী প্রয়োজনে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে। এ ছাড়া আর অন্য কোন কারণে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।
- ৩। এ্যাম্বুলেন্স অফিস চলাকালীন সময়ে চিকিৎসা কেন্দ্রে অবস্থান করবে এবং অন্য সময়ে অটোশপে অবস্থান করবে।
- ৪। এ্যাম্বুলেন্স জরুরী হল এবং স্টাফ কলে যাওয়ার জন্য ডাক্তারগণ ব্যবহার করতে পারবেন।
- ৫। প্রয়োজনে জরুরী অসুস্থ ছাত্র/ছাত্রী এবং স্টাফ রোগীদের হাসপাতালে আনা নেওয়ার জন্য ডিউটিরত ডাক্তারদের অনুমতি সাপেক্ষে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে।
- ৬। একমাত্র মূর্খ রোগী ছাড়া, সাধারণ রোগীর ক্ষেত্রে কোন বিশেষজ্ঞ চেম্বারে গমন এবং কোন প্যাথলজিক্যাল পরীক্ষা নীরিক্ষার জন্য ল্যাবরেটরিতে/ ক্লিনিকে যাওয়া-আসার জন্য এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।
- ৭। প্রয়োজনে কোন হাসপাতালে বা ক্লিনিকে এ্যাম্বুলেন্স রোগী পৌঁছানোর পরপরই এ্যাম্বুলেন্স ছেড়ে দিতে হবে।
- ৮। বুয়েট ক্যাম্পাসের রোগী ছাড়া অন্য কোন স্থান হতে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।
- ৯। মৃতদেহ এ্যাম্বুলেন্সে বহন করা যাবে না।

উল্লেখিত নীতিমালা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের এ্যাম্বুলেন্স ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এজন্য সকলের সহযোগিতা কামনা করছি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে


(অধ্যাপক ড. মো. দেলোয়ার হোসেন)
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর

বিতরণ: অবগতি ও বিজ্ঞপ্তিখানি ব্যাপক প্রচারের অনুরোধ সহ-

- ১। সকল ডীন মহোদয়, প্র.বি. ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/ অফিস প্রধান/পরিচালক, প্র.বি. ঢাকা।
- ৩। চীফ মেডিকেল অফিসার, প্র.বি. ঢাকা।
- ৪। পি.এস.টু ভিসি, প্র.বি. ঢাকা- মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।